# পীরগঞ্জ উপজেলা পরিষদ
## পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
## https://pirganj.thakurgaon.gov.bd

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৬৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

## "নোটিশ"

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, পীরগঞ্জ উপজেলা পরিষদের জুন ২০২২ খ্রিঃ মাসের মাসিক সভা আগামী ০৯-৬-২০২২ খ্রিঃ তারিখ রোজ- বৃহস্পতিবার, সকাল ১০:০০ ঘটিকার সময় উপজেলা পরিষদ সভা কক্ষে উপজেলা পরিষদ চেয়ারম্যান মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হবে।

সভায় আপনাকে কার্যপত্রসহ যথা সময়ে উপস্থিত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

**আলোচ্য সূচি :**

১। এডিপিসহ বিভিন্ন উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি ও বাস্তবায়ন সম্পর্কে আলোচনা।
২। বিভাগীয় কার্যক্রম সম্পর্কে আলোচনা ও
৩। বিবিধ।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**বিতরণ :কার্যার্থে :**

১। ..............................................................., পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

২। চেয়ারম্যান ..................................................., (সকল) ইউ.পি, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

৩। ...................................................................।

স্মারক নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৬৮

তারিখ: ১৮ জ্যৈষ্ঠ ১৪২৯
০১ জুন ২০২২

**অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৪। ভাইস-চেয়ারম্যান/মহিলা ভাইস-চেয়ারম্যান, উপজেলা পরিষদ, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৫। অফিস কপি।

উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

মোঃ শফিকুল ইসলাম রাজিব, সি.এ./উপজেলা পরিষদ কার্যালয়/পীরগঞ্জ/ঠাকুরগাঁও/মাসিক সভার নোটিশ/উসস জুন ২০২২

উপস্থিত উপদেষ্টা মণ্ডলী:

১. জনাব মো: জাহিদুর রহমান
মাননীয় জাতীয় সংসদ সদস্য-৩, ঠাকুরগাঁও-৩ →
২. জনাব মো: ইকরামুল হক, মেয়র, পীরগঞ্জ পৌরসভা → [signature]
৩. জনাব সুকুমার রায়, ভাইস চেয়ারম্যান, উপ: পরি: → [signature]
৪. জনাব ভারতী রানী রায়, মহিলা ভাইস চেয়ারম্যান, উ:প: → [signature]
৫. জনাব মোছা: আরজিনা পারভীন, সংরক্ষিত মহিলা সদস্য-০১ → [signature]
৬. জনাব মোছা: নুরজাহান, সংরক্ষিত মহিলা সদস্য-০২ → [signature]
৭. জনাব মোছা: খাদিজা, সংরক্ষিত মহিলা সদস্য-০৩ → [signature]
৮. জনাব মোছা: শাহনুর, সংরক্ষিত মহিলা সদস্য-০৪ → [signature]

ইউনিয়ন চেয়ারম্যানগণের স্বাক্ষর:

১. ~~চেয়ারম্যান, ১ নং ভোমরাদহ ইউ.পি.~~ → [signature]
২. চেয়ারম্যান, ২ নং কোষারাণীগঞ্জ ইউ.পি. → [signature]
৩. চেয়ারম্যান, ৩ নং খনগাঁও ইউ.পি. → [signature]
৪. চেয়ারম্যান, ৫ নং সৈয়দপুর ইউ.পি. → [signature]
৫. চেয়ারম্যান, ৬ নং পীরগঞ্জ ইউ.পি. → [signature]
৬. চেয়ারম্যান, ৭ নং হাজীপুর ইউ.পি. → [signature]
৭. চেয়ারম্যান, ৮ নং দৌলতপুর ইউ.পি. → [signature]
৮. চেয়ারম্যান, ৯ নং সেনগাঁও ইউ.পি. → [signature]
৯. চেয়ারম্যান, ১০ নং জাবরহাট ইউ.পি. → [signature]
১০. চেয়ারম্যান, ১১ নং বৈরচুনা ইউ.পি. → [signature]

তারিখ: ০৭-৫-২০২২ ৬৬
সময়: ১০-০০ টা

উপস্থিত কর্মকর্তা ও অন্যান্যবৃন্দের স্বাক্ষর:

| ক্রমিক নং | নাম ও পদবী | স্বাক্ষর |
|---|---|---|
| ০১. | ডা: মো: আব্দুর রহমান — UHFPO | [signature] |
| ০২. | | |
| ০৩. | লায়লা আরজুমান বেগম, এইও, পীরগঞ্জ | [signature] |
| ০৪. | মো: [illegible] SUFO | [signature] |
| ০৫. | মো: [illegible], UCO (In Charge) | [signature] |
| ০৬. | মো: হাবিবুল ইসলাম | [signature] |
| ০৭. | মো: জুলফিকার আলী UYDO | [signature] |
| ০৮. | মো: জিয়াউল হক শাহ VCF | [signature] |
| ০৯. | মো: [illegible] | [signature] |
| ১০. | মো: [illegible] উপজেলা প্রকৌশলী | [signature] |
| ১১. | মো: [illegible], উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | [signature] |
| ১২. | মো: [illegible] | [signature] |
| ১৩. | মো: বাকি হোসেন, উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা | [signature] |
| ১৪। | মো: আশরাফ আলী, হিসাবরক্ষক, উপজেলা হিসাবরক্ষণ অফিস | [signature] |
| ১৫। | মো: আহমেদ হোসেন উপজেলা সমবায় অফিসার | [signature] |
| ১৬। | মো: মেহেদী হাসান, SAE, DPHE | [signature] |
| ১৭। | মোহাম্মদ জসীম উদ্দিন, UDF | [signature] |
| ১৮। | মো: মাসুদ রানা, [illegible] | [signature] |

শেখ হাসিনার দর্শন
বাংলাদেশের উন্নয়ন।

# উপজেলা পরিষদ পীরগঞ্জ, ঠাকুরগাঁও এর জুন, ২০২২ মাসের সভার কার্যবিবরণী:

**সভাপতি** ঃ মোঃ আখতারুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**তারিখ** ঃ ০৯-৬-২০২২ খ্রি:

**সময়** ঃ সকাল ১০:০০ টা।

**স্থান** ঃ উপজেলা পরিষদ সভাকক্ষ।

**সভায় উপস্থিত সদস্য বৃন্দঃ পরিশিষ্ট - 'ক'**

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। অত:পর সভাপতি সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানান। উপজেলা নির্বাহী অফিসার সভার শুরুতে বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান। কার্যবিবরণীতে কোনরূপ সংশোধন বা বিয়োজন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত ও গৃহীত হয়। অতঃপর বিভিন্ন বিভাগের উন্নয়নমূলক কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা হয় এবং নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহিত হয়:

| ক্রঃ নং | বিভাগের নাম | আলোচ্য বিষয় | সিদ্ধান্ত/বাস্তবায়নকারী কর্তৃপক্ষ | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|---|---|
| ০১ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা সভায় জানান যে, জরুরী বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫৩৭ জন, বহি: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ৫,৪৫৩ জন, অন্ত: বিভাগে সেবা প্রাপ্ত মোট রোগীর সংখ্যা ১,১৪২ জন, নরমাল ডেলিভারীর সংখ্যা ৬২ টি, সিজারিয়ান অপারেশন হয়েছে ০০ টি, মৃত জন্ম ০০ টি, এ.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ২০৬ জনকে, পি.এন.সি. সেবা প্রদান করা হয়েছে ১১৭ জনকে। ডায়রিয়া বা অজ্ঞাত রোগের প্রাদুর্ভাব নাই। তিনি আরও জানান, উপজেলায় ১০ টি ইউনিয়নে মোট ২৭ টি কমিউনিটি ক্লিনিক চালু রয়েছে। কমিউনিটি ক্লিনিকসমূহে যথেষ্ট পরিমাণে ঔষধ সরবরাহ রয়েছে। মাঠ পর্যায়ে EPI কাজের অর্জন ১০০%। ০৮-৬-২০২২ খ্রি: পর্যন্ত কোভিড-১৯ মোট নমুনা সংগ্রহ ২,৯৭৮ জন, পরীক্ষীত ২,৯৭৮ জন, অবশিষ্ট ০০ জন। করোনা পজিটিভ মোট ৯৬৯ জন, সুস্থ্য ৯৫১ জন, মৃত ১৮ জন, হোম আইসোলেশন ০০ জন, হাসপাতাল আইসোলেশন ০০ জন। ১ম ডোজ টিকা প্রদান ১,৭৮,৯৯৯ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ১,৬৪,৭০৩ জনকে, বুস্টার ৫৪,১৪৩ জনকে। ছাত্র/ছাত্রীদের মঝে ১ম ডোজ টিকা প্রদান ২৮,৩৯৬ জনকে, ২য় ডোজ টিকা প্রদান ২৬,৩৯০ জনকে। এছাড়াও অফিসের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে শূন্য পদে জরুরী ভিত্তিতে জনবল পদায়নে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। | উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| ০২ | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পঃ পঃ কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, তাঁর দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। তাঁর দপ্তরের কার্যক্রমের অগ্রগতির প্রতিবেদন নিম্নরূপঃ<br>(১) সক্ষম দম্পতি- ৪৯,৯৯৯ জন, (২) মোট গ্রহণকারী- ৩৯,২৭২ জন, (৩) খাবার বড়ি - ৬,৩৯৫ (৪) কনডম- ৪,৭২০ (৫) ইনজেকটেবল (ভায়াল)- ৮৬৫ (৬) আইইউডি- ২৮ (৭) ইমপ্ল্যানন- ৬০ (৮) স্থায়ী পদ্ধতি (পুরুষ)- ০০ জন (৯) স্থায়ী পদ্ধতি (মহিলা)- ০২ জন (১০) মোট ব্যবহারকারী- ৩৫,৯৮৭ জন (১১) ইসিপি- ১৫ (১২) মিসোপ্রোস্টল- ৪৯৪ (১৩) পদ্ধতি গ্রহণকারীর হার- ৭৮.৫৫% (১৪) মোট জনসংখ্যা- ২,৪৩,৫৩৫ জন (আদমশুমারী অনুযায়ী)। | ১) গুচ্ছগ্রাম ও আবাসনসমূহে বেশী বেশী উঠান বৈঠকের আয়োজন করতে হবে।<br>২) স্থায়ী পদ্ধতি গ্রহণে সংশ্লিষ্টদের উৎসাহিত করতে হবে। | ১) উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, পীরগঞ্জ।<br>২) ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, (সকল) পীরগঞ্জ। |
| ০৩ | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা'র প্রতিনিধি সভায় জানান যে, রবি মৌসুমে বোরো ধান, ভূট্টা, মরিচ, তরমুজ ও শাকসবজি কর্তণ প্রায় ৯০% হয়েছে। সামনের সপ্তাহের মধ্যে বাকি ১০% কর্তন সম্পন্ন হবে। এ বৎসর রবি মৌসুমে ফলন ভাল। খরিপ-১ মৌসুমে ভূট্টা, রোপা আউশ ধান, পাট, মুগডাল মাঠে দন্ডায়মান আছে। মাঠের পোকামাকড় ও রোগ বালাই দমনের জন্য কৃষি বিভাগ সকল ধরণের পরামর্শ কৃষকদের দিয়ে যাচ্ছে। আশা করা যায়, খরিপ-১ মৌসুমে গত বছরের তুলনায় ফলন ১০% বৃদ্ধি পাবে।<br>কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের আওতায় ২০২১-২২ খ্রিঃ অর্থ বছরের বিভিন্ন প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। যথাসময়ে সকল কর্মকান্ড শেষ হবে বলে তিনি সভায় জানান। মাঠ পর্যায়ে সার, বীজ, কীটনাশকসহ সকল কৃষি উপকরণের প্রাপ্যতা নিয়ে কোন সমস্যা নাই। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে মাঠে বাস্তবায়ন হচ্ছে। | সার, বীজ, জ্বালানি তেল ও বালাইনাশকসহ সকল ধরণের কৃষি উপকরণ সরবরাহ স্বাভাবিক রাখতে মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৪ | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় সকল কার্যক্রম- চিকিৎসা, টিকা প্রদান, কৃত্রিম প্রজনন, প্রশিক্ষণ, উঠান বৈঠক ও অন্যান্য সম্প্রসারন কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।<br>১। গবাদি পশুর চিকিৎসা = ২,৭৪৮ টি<br>২। হাঁস-মুরগীর চিকিৎসা = ৫,৮৩৪ টি<br>৩। গবাদি পশুর টিকা প্রদান = ৩,৭৪০ টি<br>৪। হাঁস- মুরগীর টিকা প্রদান = ৫৮,০০০ টি<br>৫। কৃত্রিম প্রজনন = ১,২৯৯ টি<br>৬। প্রশিক্ষণ = ০০<br>৭। উঠান বৈঠক = ৬ টি<br>৮। উঠান বৈঠক অংশগ্রহন কারীর সংখ্যা = ৮০ জন<br>৯। দুধ উৎপাদন = ৩৪৯০.৭২ মেঃ টনঃ<br>১০। মাংস উৎপাদন = ২২৭৮.৬০ মেঃ টনঃ<br>১১। ডিম উৎপাদন = ৩.০৪ টি। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৫ | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা সভায় জানান যে, মে/২০২২ মাসে ২২ জন মৎস্য চাষিকে মাছ চাষ প্রযুক্তি বিষয়ক ও ০৩ জন মৎস্য চাষিকে রোগ নিয়ন্ত্রণ ও প্রতিরোধে মৎস্য খামার ও পুকুর পরিদর্শনপূর্বক পরামর্শ প্রদান করা হয়। বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মৎস্য কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা সভায় জানান যে, শিক্ষা প্রতিষ্ঠানের আইসিটি বিষয়ক শিক্ষকদের দক্ষতা বৃদ্ধির লক্ষ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। CA এবং CQ (বাংলা, ইংরেজি, বিজ্ঞান, বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং ব্যবসায় শিক্ষা) বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে।<br>e-Requisitin শিক্ষক চাহিদা প্রাপ্তি সাপেক্ষে যাচাই বাছাইয়ান্তে চাওয়ার জন্য সকল প্রতিষ্ঠানে পত্র প্রেরণ করা হয়েছে। এছাড়াও বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |
| ০৭ | উপজেলা শিক্ষা বিভাগ | উপজেলা শিক্ষা অফিসার জনাব মোঃ হাবিবুল ইসলাম সভায় জানান যে, মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও শিক্ষা সংশ্লিষ্ট সকলকে স্বাগত জানিয়ে প্রাথমিক শিক্ষায় সহযোগিতা করার জন্য আহ্বান জানান। নিজ নিজ এলাকার বিদ্যালয়গুলো মনিটরিং করার জন্যও অনুরোধ করেন।<br>প্রাথমিক শিক্ষার গুণগত মান নিশ্চিতের উপর বিস্তারিত আলোচনা করা হয়। সম্মানিত ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানগণের প্রস্তাবের ভিত্তিতে চেয়ারম্যানগণ বিদ্যালয়গুলি পরিদর্শণ করবেন মর্মে সভায় সর্বসম্মত সিদ্ধান্ত গৃহিত হয়। এ বিষয়ে উপজেলা শিক্ষা অফিসার জানান আমাদের শিশুরা বাংলা ও ইংরেজি বিষয়ে দূর্বল। এ বিষয়ে মনিটরিং করার জন্য উপজেলা শিক্ষা অফিসার সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন।<br>বিদ্যালয়ের স্বাভাবিক কার্যক্রম চলমান। বিদ্যালয়গুলোতে স্বাস্থ্যবিষয়ক কর্ণার স্থাপনের জন্য পরামর্শ প্রদান করা হয়েছে। ইহা ছাড়াও বিদ্যালয়ের পরিবেশ পরিচ্ছন্ন রাখার উপর যথেষ্ট গুরুত্ব দিয়ে পরামর্শ প্রদান করা হয়েছে। এছাড়াও মগ,জগ, বালতি, ইনফ্রায়েড থার্মোমিটার, সাবান, ব্লিচিং পাউডার, হ্যান্ড স্যানিটাইজার, টিস্যু ইত্যাদি ক্রয় করার জন্য বলা হয়েছে।<br>২০২১-২০২২ অর্থ বছরে প্লেয়িং একসেসরিস বাবদ ৮ টি বিদ্যালয়ের প্রতিটিতে ১,৫০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। উপজেলা প্রকৌশলীকে প্রক্কলন প্রস্তুত করে সহযোগিতা করা জন্য অনুরোধ করা হলো।<br>২০২১-২০২২ অর্থ বছরে ক্ষুদ্র মেরামত বাবদ প্রথম পর্যায়ে ৬৫ টি বিদ্যালয় এবং দ্বিতীয় পর্যায়ে ০৯ টি বিদ্যালয়সহ মোট ৭৪ টি বিদ্যালয়ের প্রতিটি দুই লক্ষ টাকার বরাদ্দ পাওয়ায় উপজেলা প্রকৌশলীকে প্রক্কলন প্রস্তুত করে সহযোগিতা করা জন্য অনুরোধ করা হলো। রুটিন মেরামত বাবদ ১১৯ টি বিদ্যালয়ের প্রতিটিতে ৪০,০০০/- টাকা করে এবং ওয়াস ব্লক বাবদ ১২ টি বিদ্যালয়ের প্রতিটিতে ২০,০০০/- টাকা করে বরাদ্দ পাওয়া গেছে। এসএমসি কর্তৃক প্রস্তুতকৃত প্রাক্কলন দ্বারা রুটিন ও ওয়াশব্লকের কার্য সম্পাদন করা হবে।<br>বঙ্গবন্ধু ও বঙ্গমাতা প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ইউনিয়ন পর্যায়ে চলমান রয়েছে। উপজেলা পর্যায়ে ০৩ জুলাই হতে শুরু হবে। সংশ্লিষ্ট সকলকে সহযোগিতা করার জন্য অনুরোধ করা হলো। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | উপজেলা শিক্ষা কর্মকর্তা, পীরগঞ্জ। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জেলা পর্যায়ে আন্তঃ প্রাথমিক বিদ্যালয় ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা ১২-৬-২০২২ খ্রি. তারিখে অনুষ্ঠিত হবে। খ বিভাগের ১ম স্থান অধিকারী প্রতিযোগিদের বিয়াম ল্যাবরেটরী স্কুল এন্ড কলেজে ক্রীড়া বিষয়ক ও দোয়েল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সাংস্কৃতিক বিষয়ের প্রতিযোগিতায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো। পরিশেষে তিনি বলেন বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে পরিচালিত হচ্ছে। | | |
| ০৮ | **উপজেলা সমাজসেবা বিভাগ** | উপজেলা সমাজসেবা কর্মকর্তা সভায় জানান যে, বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং জোরদার করতে হবে। | **উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ০৯ | **পুলিশ বিভাগ** | অফিসার-ইন-চার্জ, পীরগঞ্জ থানা সভায় অনুপস্থিত। | আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | **অফিসার-ইন-চার্জ, থানা, পীরগঞ্জ।** |
| ১০ | **উপজেলা খাদ্য বিভাগ** | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক সভায় খাদ্যশস্যের মজুদ সংক্রান্ত নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**পীরগঞ্জঃ**<br>চাল আমন ২২১৮.৪৪০ মে:টন, চাল বোরো ৬৬৩.১৮০ মে:টন ও খালি বস্তা ৭৩,৯৯৭ খানা।<br>**ভোমরাদহঃ**<br>আমন চাল ৩৪১.৩৪০ মে:টন, চাল বোরো ৬৭.৪০০ মে:টন, ধান বোরো ১১৫.০০০ মে:টন ও খালি বস্তা ১৩,১৭৭ খানা। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, পীরগঞ্জ।** |
| ১১ | **উপজেলা ত্রাণ বিভাগ** | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান যে, ১ম ও ২য় পর্যায় বিশেষ কাবিখা ও টি.আর. এর কার্যক্রম ১০০% সমাপ্ত হয়েছে। ১ম ও ২য় পর্যায় সাধারণ কাবিখা ও টি.আর. এর কার্যক্রম ১০০% সমাপ্ত হয়েছে। ব্রীজ, কালভার্ট কার্যক্রমের কার্যক্রম ৫০% সমাপ্ত হয়েছে। এইচবিবি কার্যক্রম ১০০% সমাপ্ত হয়েছে। ইজিপিপি'র ১ম ও ২য় পর্যায়ের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম স্বাভাবিকভাবে পরিচালিত হচ্ছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১২ | **উপজেলা মহিলা বিষয়ক বিভাগ** | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা'র প্রতিনিধি সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:<br>**১) ভিজিডি কর্মসূচিঃ** এই কর্মসূচির আওতায় ২০২১-২০২২ খ্রিঃ চক্রের উপকারভোগী মোট ২,৫৫৮ জন এবং মে ২০২২ খ্রিঃ মাসের ডিও প্রদান করা হয়েছে।<br>**২) দরিদ্র মা'র জন্য মাতৃত্বকাল ভাতা প্রদান কর্মসূচিঃ** ২০২১-২০২২ খ্রিঃ অর্থবছর পর্যন্ত উপকারভোগী মোট ১,৫৩৩ জন।<br>**৩) কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচিঃ** ২০২১-২০২২ খ্রিঃ পর্যন্ত অর্থবছর উপকারভোগী মোট ৪৫০ জন।<br>**৪) মহিলা প্রশিক্ষণ কেন্দ্র (WTC):** ২০২১-২০২২ খ্রিঃ পর্যন্ত অর্থবছরে এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী সেলাই দর্জিবিজ্ঞান বিষয়ের উপর ৩০ (ত্রিশ) জন প্রশিক্ষণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td></td><td></td><td>৫) উপজেলা পর্যায়ে মহিলাদের জন্য আয়বর্ধক প্রশিক্ষণ (আইজি-এ) প্রকল্প: এই প্রকল্পের আওতায় ৫০ জন ফ্যাশন ডিজাইন, ৫০ জন ক্রিষ্টাল শো-পিচ ও ডেকোরেটেড কেন্ডেল মেকিং মোমবাতি ট্রেডে সর্বমোট ১০০ (একশত) জন প্রশিক্ষাণার্থী এপ্রিল ২০২২ হতে জুন ২০২২ পর্যন্ত ০৩ মাস (তিন) মাস মেয়াদী ১৪ তম এবং ১৫ তম ব্যাচের শিফট অনুযায়ী প্রশিক্ষাণার্থীর প্রশিক্ষণ কার্যক্রম চলমান রয়েছে।<br>৬) অত্র উপজেলায় ০১ টি পৌরসভা ও ১০ টি ইউনিয়নে মোট ১১ টি কিশোর-কিশোরী ক্লাবের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দাপ্তরিক অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।</td><td></td><td></td></tr>
<tr><td>১৩</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগ</td><td>উপজেলা জনস্বাস্থ্য বিভাগের সহকারী প্রকৌশলী সভায় জানান যে, পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ১০ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে চার তলা ভিত্তির দুই তলা ওয়াস ব্লক এর নির্মাণ কাজ চলমান রয়েছে। এ পর্যন্ত বিভিন্ন প্রকল্প হতে প্রায় ৩৫ টি স্কুলে ওয়াস ব্লক নির্মাণ কাজ সম্পন্ন হয়েছে এবং ০৫ টির কাজ চলমান রয়েছে। তিনি আরও জানান, মুজিব বর্ষ উপলক্ষে ভূমিহীন ও গৃহহীন পরিবারের জন্য আশ্রয়ণ প্রকল্পে ৩য় পর্যায়ে নতুন ১০০ টি নলকূপ বরাদ্দ পাওয়া গেছে। এসব উৎস স্থাপনের স্থান তালিকা পাওয়া গেছে এবং স্থাপন কাজ চলমান রয়েছে। সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২৬০ টি নলকূপের স্থান তালিকা পাওয়া গেছে এবং নলকূপ স্থাপনের কাজ চলমান রয়েছে। এছাড়াও বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী জনস্বাস্থ্য কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৪</td><td>উপজেলা সমবায় বিভাগ</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><td>মোট সমিতির সংখ্যা</td><td>২৮৫ টি।</td></tr>
<tr><td>ক) কেন্দ্রীয় সমবায় সমিতি সংখ্যা</td><td>২টি।</td></tr>
<tr><td>খ) প্রাথমিক সমবায় সমিতি সংখ্যা</td><td>২৮৩ টি।</td></tr>
<tr><td>কার্যকর সমিতির সংখ্যা</td><td>১২৯ টি।</td></tr>
<tr><td>ক) কেন্দ্রয়ী সমবায় সমিতি সংখ্যা</td><td>১ টি।</td></tr>
<tr><td>খ) প্রাথমিক সমবায় সমিতি সংখ্যা</td><td>১২৮ টি।</td></tr>
<tr><td>মোট শেয়ার মূলধন</td><td>১,১০,০০,৫৬৯/-</td></tr>
<tr><td>মোট সঞ্চয় আমানতের পরিমাণ</td><td>১০৮,৯০,৫৬,০২১/-</td></tr>
<tr><td>মোট কার্যকরী মূলধনের পরিমাণ</td><td>১১০,০০,৫৬,৫৯০/-</td></tr>
<tr><td>কর্মস্থান সৃষ্টি (পুরুষ)</td><td>১১০০ জন।</td></tr>
<tr><td>কর্মস্থান সৃষ্টি (মহিলা)</td><td>১৩৬০ জন।</td></tr>
<tr><td>মোট কর্মস্থান</td><td>২৪৬০ জন।</td></tr>
<tr><td>মোট ঋণ বিতরণ<br>(সমিতির নিজস্ব অর্থায়নে)</td><td>১১০,০০,৫৬,৫৯০/-</td></tr>
<tr><td>মোট উপকারভগী সদস্য সংখ্যা</td><td>২২৮৫৩ জন।</td></tr>
<tr><td>পীরগঞ্জ উপজেলায় মোট জনসংখ্যা</td><td>৬.২৬% সমবায়ী</td></tr>
<tr><td>সমবায় মার্কেটে মোট জমির পরিমাণ</td><td>০.২৬ শতাংশ।<br>উক্ত সম্পতিতে তিন তালা ভবন রয়েছে। মোট দোকান ৫২ টি।</td></tr>
<tr><td>অত্র উপজেলায় সমবায় বিভাগের জমির পরিমাণ</td><td>০.৯৯ শতাংশ।</td></tr>
<tr><td>ভূমিহীন সমিতির নামে দলিলকৃত জমির পরিমাণ</td><td>৬৯.০০ একর।</td></tr>
</table></td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা সমবায় কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
</table>

| | | | | |
|---|---|---|---|---|
| | | অত্র উপজেলা সমবায় বিভাগে আলোচ্য অডিট বর্ষে অডিট যোগ্য সমবায় সমিতির সংখ্যা বর্তমানে ১৩০টি। ইতোমধ্যে ২০২০-২০২১ সালের বার্ষিক আডিট সম্পন্ন হয়েছে ১৩০ টি। বিগত মাসে ৬৫ টি বর্তমান মাসে ১৪ টি মোট ৭৬ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। সমিতির তদারকী কার্যক্রম নিয়মিত করা হচ্ছে প্রতিমাসে ০৪ টি সমিতি পরিদর্শন করা হয়। সমিতিগুলির ব্যবস্থাপনা কমিটি নিয়মিত করার লক্ষ্যে এ পর্যন্ত মোট ২০টি সমিতির নির্বাচন কার্যক্রম যথাযথ ভাবে সম্পন্ন করা হয়। বাকিগুলির নির্বাচন কার্যক্রম চলছে। উপজেলার বর্তমান বৎসরে ২৮টি সমবায় সমিতি নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্তমান অর্থ বছরে (২০১৯-২০২০) অডিট ফি (রাজস্ব) ৪৮৭৩৮/- টাকা এবং সরকারী ভ্যাট ৭৩১১/- টাকা সরকারি কোষাগারে ট্রেজারী চালানের মাধ্যমে জমা করা হয়। সমবায় উন্নয়ন তহবিল ৭১৭৩০/- টাকা অনলাইন ডিডির মাধ্যমে জমা করা হয়। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম যথারিতি চলছে।<br>এছাড়াও জনগাঁও আশ্রায়ণ প্রকল্প ফেইজ-২ পকল্পে, ৯৬ জন সদস্যের মাঝে ক্রমপুঞ্জিভূত =১৪,৮৫,০০০/- টাকা বিভিন্ন ট্রেডে ক্ষুদ্র ঋণ বিতরণ করা হয়েছে। আলোচ্য মাসে আদায় নাই। মোট আসল আদায় ৯৭৮২১০/- টাকা এবং সার্ভিস চার্জ ৭৮৩৯০/- টাকা। বর্তমান মাসে আদায় নাই। অনাদায়ী টাকা আদায়ের প্রচেষ্টা চলছে। আদায়ের শতকরা হার ৬৫% । | | |
| ১৫ | **উপজেলা যুব উন্নয়ন বিভাগ** | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, চলতি আদায়ের হার ১০০%। চলতি অর্থ বছরের আদায়কৃত ২৬,৭৪,১৫০/-, ক্রমপুঞ্জিত আদায় ১৫,২০,০৫,১৯৮/-, চলতি অর্থ বছরে ঋণ বিতরণ ২৩,৯৭,০০০/-, চলতি অর্থ বছরে ঋনির সংখ্যা ৬৬ জন, ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৫,৭৩,৫৮,৫০০/-, ক্রমপুঞ্জিত ঋনির সংখ্যা ২৯,৩৫৫ জন, চলতি অর্থ বছরে প্রশিক্ষণ প্রাপ্ত ৪২০ জন, ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ প্রাপ্ত ৯,২৬৩ জন, চলতি অর্থ বছরে আত্নকর্মী ৪৭ জন, ক্রমপুঞ্জিত আত্নকর্মী ৪,৬৬৮ জন। এছাড়াও অন্যান্য বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।** |
| ১৬ | **উপজেলা পরিসংখ্যান বিভাগ** | উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা সভায় জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক পরিচালিত জনশুমারি ও গৃহগণনা-২০২২ কার্যক্রম চলবে। আগামী ১৫ জুন হতে ২১ জুন ২০২২ তারিখ পর্যন্ত গণনাকারীগণ প্রতিটি খানায় গিয়ে তথ্য সংগ্রহ করবে। এ বিষয়ে প্রতিটি ইউনিয়ন এবং পৌরসভাসহ উপজেলার সকল স্থানে মাইকিং চলমান রয়েছে। উক্ত শুমারি কার্যক্রমে সকলের সহযোগিতা একান্তভাবে কামনা করছি। | জনশুমারি ও গৃহগণনা-২০২২ কার্যক্রমে যেন কোন মানুষ গণনা হতে বাদ না পড়ে সে বিষয়ে মনিটরিং আরও জোরদার করতে হবে। | **উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, পীরগঞ্জ।** |

<table>
<tr><td>১৭</td><td>উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা সভায় নিম্নরূপ তথ্য উপস্থাপন করেন:
<table>
<tr><th>প্রকল্পের নাম</th><th>ক্র:পুঞ্জিভূত মোট বিতরণ</th><th>চলতি মাসে আদায়</th><th>ক্র:পুঞ্জিভূত মোট আদায়</th><th>খেলাপি/ আদায় যোগ্য</th><th>ক্র:পুঞ্জিভূত ঋণ আদায়ের হার</th><th>সদস্য সংখ্যা</th></tr>
<tr><td>পল্লী প্রগতি প্রকল্প</td><td>১৫১.৩৭</td><td>-</td><td>১২১.০৮</td><td>১৩৯.২২</td><td>৮৭%</td><td>৩৬৯</td></tr>
<tr><td>আবর্তক কৃষি</td><td>৬১.৪৮</td><td>০.৫৬</td><td>৪৩.৬৩</td><td>৪৩.৭৭</td><td>১০০%</td><td>১১০</td></tr>
<tr><td>অসচ্ছল মুক্তিযোদ্ধা</td><td>২২.০৬</td><td>০.০৩</td><td>১৩.০৯</td><td>১৫.২৯</td><td>৮৭%</td><td>৭৫</td></tr>
<tr><td>গুচ্ছগ্রাম</td><td>৩.৭৫</td><td>-</td><td>৩.০০</td><td>৩.৭৫</td><td>৮৮%</td><td>৫০</td></tr>
<tr><td>মোট</td><td>২৩৮.৬৬</td><td>০.৫৯</td><td>১৮১.১০</td><td>২০২.০৩</td><td>৯০%</td><td>৬০০</td></tr>
</table>
এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে এবং আমার বাড়ি আমার খামার প্রকল্পের বিষয়ে সকলেই একমত পোষণ করেন।</td><td>উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৮</td><td>উপজেলা বন বিভাগ</td><td>উপজেলা বিট বন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>এসএফপিসি, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>১৯</td><td>উপজেলা বরেন্দ্র বিভাগ</td><td>উপজেলা সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। এছাড়া তিনি উপজেলা নির্বাহী অফিসারের মাধ্যমে ১০ নং জাবরহাট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানের দৃষ্টি আর্কষণ করে জানান যে, জাবরহাট ইউনিয়নের দক্ষিন মালঞ্চা, বলদিয়ারা, কলিযুগ, গোলন্দগাঁও, মাটিয়ানি, বৃদ্ধিগাঁও, চন্দরিয়া, মাধবপুর ও সেত্রাপাড়া মৌজায়, জলাবদ্ধতার কারনে প্রায় ৩,১০০ হেক্টর জমিতে চাষাবাদে চরম সমস্যা হচ্ছে, যা নদীর সাথে সংযোগ পাইপের মাধ্যমে নিরসন করা যেতে পারে। জাবরহাট চেয়ারম্যানও উক্ত কাজটি দ্রুত করার জন্য বিএমডিএ'কে অনুরোধ করেন।</td><td>এ বিষয়ে বিএমডিএ'কে দ্রুত পদক্ষেপ গ্রহণ ও বাস্তবায়নের লক্ষ্যে প্রকল্প/কর্মসূচি গ্রহণের ব্যবস্থা করতে হবে।</td><td>সহঃ প্রকৌশলী বরেন্দ্র কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২০</td><td>উপজেলা আনসার ও ভিডিপি বিভাগ</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা সভায় জানান যে, দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২১</td><td>উপজেলা নির্বাচন বিভাগ</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা সভায় অনুপস্থিত।</td><td>আগামী সভা হতে নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা নির্বাচন কর্মকর্তা, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২২</td><td>পল্লী বিদ্যুৎ সমিতি, পীরগঞ্জ</td><td>ডিজিএম, পল্লীবিদ্যুৎ সমিতি'র প্রতিনিধি সভায় জানান যে, বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>বকেয়া বিদ্যুৎ বিল আদায় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।</td><td>ডিজিএম, পল্লী বিদ্যুৎ, পীরগঞ্জ।</td></tr>
<tr><td>২৩</td><td>উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি), স্থানীয় সরকার বিভাগ</td><td>ইউডিএফ সভায় জানান যে, সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর</td></tr>
<tr><td>২৪</td><td>উপজেলা প্রকৌশলী বিভাগ</td><td>উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, বার্ষিক উন্নয়ন কর্মসূচি এডিবি'র আওতায় ১২ টি প্যাকেজের কাজ সমাপ্ত হয়েছে। এছাড়াও দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে।</td><td>চলমান কার্যক্রম বাস্তবায়নে মনিটরিং আরও জোরদার করতে হবে।</td><td>উপজেলা প্রকৌশলী, পীরগঞ্জ।</td></tr>
</table>

উপজেলা ভাইস-চেয়ারম্যান জনাব সুকুমার রায় সভায়, সকল কমিটির কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

উপজেলা মহিলা ভাইস-চেয়ারম্যান জনাব ভারতী রাণী রায় সভায়, সকল দপ্তরের কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে মর্মে সবাইকে ধন্যবাদ জ্ঞাপন করেন।

সভাপতি উপজেলা পরিষদ চেয়ারম্যান সভায়, সরকারি কর্মকর্তা-কর্মচারীদের সরকারী বিধি-বিধানের আলোকে জনগণের সেবায় নিয়োজিত থাকার জন্য আহবান জানান ও সকলের সুস্বাস্থ্য কামনা করেন।

আর অন্য কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(মোঃ আখতারুল ইসলাম)
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।

**পীরগঞ্জ উপজেলা পরিষদ**
**পীরগঞ্জ, ঠাকুরগাঁও।**
**https://pirganj.thakurgaon.gov.bd**

নং- ৪৬.৫৫.৯৪৮২.০০৪.০৬.০০১.২২-৭০(৫০)

তারিখঃ ২৬ জ্যৈষ্ঠ ১৪২৯ / ০৯ জুন ২০২২

**বিতরণ : সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। মাননীয় জাতীয় সংসদ সদস্য-৫, ঠাকুরগাঁও-৩।
২। সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। বিভাগীয় কমিশনার, রংপুর বিভাগ, রংপুর।
৪। পরিচালক, স্থানীয় সরকার, রংপুর বিভাগ, রংপুর।
৫। জেলা প্রশাসক, ঠাকুরগাঁও।
৬। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জেলা প্রশাসকের কার্যালয়, ঠাকুরগাঁও।
৭। নির্বাহী প্রকৌশলী, এলজিইডি, ঠাকুরগাঁও।
৮। উপজেলা.................................................... (সকল) কর্মকর্তা, পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
৯। চেয়ারম্যান,........................................ (সকল) ইউ.পি. পীরগঞ্জ, ঠাকুরগাঁও।
১০। জনাব,..................................................।

(মোঃ রেজাউল করিম)
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
পীরগঞ্জ উপজেলা পরিষদ
পীরগঞ্জ, ঠাকুরগাঁও।